গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

# সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারী বদলি/পদায়ন সংক্রান্ত নির্দেশনা

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারীদের বদলি/পদায়নের ক্ষেত্রে অধিকতর শৃঙ্খলা, সেবা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে এই নির্দেশনা জারি করা হলো।

২.০ নির্দেশনার আওতা :

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারীদের অন-লাইনে আবেদনের প্রেক্ষিতে বদলি/পদায়নের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে।

৩.০ আবেদনের সময়সূচি :

বিভিন্ন পর্যায়ের শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারী নিম্নরূপ সময়সূচি অনুযায়ী বছরে দুইবার বদলির জন্য অন-লাইনে আবেদন করতে পারবেন:

| পর্যায় | আবেদনের সময় | |
|---|---|---|
| | ১ম দফা | ২য় দফা |
| সকল কর্মচারী এবং অন্যান্য পদধারী শিক্ষক | জানুয়ারী | জুন |
| জুনিয়র ইনস্ট্রাক্টর/ ইনস্ট্রাক্টর/ লেকচারার | ফেব্রুয়ারী | জুলাই |
| চীফ ইনস্ট্রাক্টর/ সহকারী অধ্যাপক | এপ্রিল | সেপ্টেম্বর |
| অধ্যক্ষ/ অধ্যাপক/ উপাধ্যক্ষ/ সহযোগী অধ্যাপক | জুন | ডিসেম্বর |

৪.০ আবেদনের পদ্ধতি ও শর্তাবলি :

৪.১ নির্ধারিত মাসের ০১ থেকে ১৫ তারিখের মধ্যে অধিদপ্তরের ওয়েব সাইট www.techedu.gov.bd এ নির্ধারিত লিংকে প্রবেশ করে বদলির আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের আগে বা পরে দাখিলকৃত আবেদন বা অন্য কোন উপায়ে প্রেরিত/পেশকৃত আবেদন কোনভাবেই বিবেচনা করা হবে না;

৪.২ নবনিয়োগপ্রাপ্ত জুনিয়র ইনস্ট্রাক্টর/ ইনস্ট্রাক্টরগণের চাকরি দু'বছর হওয়ার পূর্বে ঢাকা মহানগর এলাকায় অবস্থিত প্রতিষ্ঠানে বদলির জন্য আবেদন করতে পারবেন না;

৪.৩ স্বামী-স্ত্রী উভয়ে চাকরিজীবী হলে স্বামী বা স্ত্রী নিকটতম কর্মস্থলে বদলি/পদায়নের জন্য আবেদন করা যাবে। তবে যেহেতু এ ধরণের শিক্ষকের সংখ্যা অনেক, তাই বিষয়টি অধিকার হিসেবে গণ্য করা যাবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষকের সুবিধা এবং নাগরিক সেবাপ্রাপ্তির বিষয়টি বিবেচনায় নিয়ে যৌক্তিক সিদ্ধান্ত প্রদান করা হবে;

৪.৪ অবসর প্রস্তুতিমূলক ছুটিতে যাওয়ার এক বছর পূর্বে কোন কর্মকর্তা/শিক্ষক তার সুবিধামত স্থানে বদলির জন্য আবেদন করলে পদ শূন্য থাকা সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে উক্ত আবেদন বিবেচনা করা হবে;

৪.৫ অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পর্যায়ের শিক্ষক/কর্মকর্তাবৃন্দের বদলীর আবেদনসমূহ সুপারিশসহ প্রস্তাব সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ করা হবে এবং অন্যান্য পদধারীদের আবেদন সমূহ বদলী কমিটির সুপারিশের আলোকে মহাপরিচালক এর দপ্তরে নিস্পত্তি করা হবে;

৪.৬ অসম্পূর্ণ এবং সংগতিহীন তথ্য সম্বলিত আবেদন বিবেচনায় আনা হবে না।

অব্যাহত

৫.০ আবেদন নিস্পত্তি :

৫.১ নির্ধারিত মাসে নির্ধারিত পদধারীদের প্রাপ্ত আবেদনসমূহ ঐ মাসের মধ্যে নিস্পত্তি করা হবে;

৫.২ বদলির জন্য প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই এবং সুপারিশ প্রণয়নের জন্য যথাক্রমে শাখা ভিত্তিক বাছাই কমিটি ও সুপারিশ প্রণয়ন কমিটি নামে দুইটি কমিটি থাকবে। বাছাই কমিটি অন-লাইনে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক সঠিকভাবে পেশকৃত আবেদনসমূহ বদলির সুপারিশ প্রণয়নের জন্য গঠিত কমিটির নিকট পেশ করবে;

৫.৩ সুপারিশ প্রণয়ন কমিটির প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার পর বদলি/পদায়নের আদেশ জারি করা হবে;

৫.৪ উপজেলা/ পার্বত্য জেলা পর্যায়ের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শূন্য পদে অগ্রাধিকারভিত্তিক পদায়ন করা হবে।

৬.০ বিবিধ :

৬.১ সরকার জনস্বার্থে যে কোন সময় যে কোন কর্মকর্তাকে যে কোন স্থানে বদলি করতে পারবে;

৬.২ প্রার্থীর অনুকূলে প্রযোজ্য সেবা ও স্বচ্ছতা নিশ্চিত করণের লক্ষ্যে শুধু মাত্র অন-লাইনে প্রাপ্ত আবেদন-ই বিবেচনা করা হবে। এ বিষয়ে যে কোন ধরণের তদবির, সুপারিশ বা অধিদপ্তরে সরাসরি আগমণ না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৭.০ বদলী সংক্রান্ত জারীকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(অশোক কুমার বিশ্বাস)
অতিরিক্ত সচিব (কারিগরি)
ও
মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিতরণ ঃ

১-৪। পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নয়ন/পিআইইউ/পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা-১২০৮।
৬-৮। অধ্যক্ষ, সিলেট/ফরিদপুর/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ।
৯-৫৪। অধ্যক্ষ, ঢাকা/চট্টগ্রাম/ময়মনসিংহ/খুলনা/কুমিল্লা/বরিশাল/পাবনা/কুষ্টিয়া/যশোর/দিনাজপুর/ফেনী/বগুড়া/রংপুর/ সিলেট/ রাজশাহী/ ফরিদপুর/ বি, এস, কাপ্তাই/ টাংগাইল/ পটুয়াখালী/ঢাকা মহিলা/রাজশাহী মহিলা/খুলনা মহিলা/চট্টগ্রাম মহিলা/চাঁদপুর/ মুন্সীগঞ্জ/ গোপালগঞ্জ/শেরপুর/ নরসিংদী/সিরাজগঞ্জ/ কুড়িগ্রাম/নওগাঁ/ ঠাকুরগাঁও/ ভোলা/বরগুনা/ লক্ষীপুর/ব্রাহ্মণবাড়িয়া/হবিগঞ্জ/ ঝিনাইদহ/ কক্সবাজার/সাতক্ষীরা/শরীয়তপুর/ কিশোরগঞ্জ/ মৌলভীবাজার/ মাগুরা/ চাপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট।
৫৫। অধ্যক্ষ, ভিটিআই, বগুড়া।
৫৬-১২০। অধ্যক্ষ, মুন্সিগঞ্জ/মানিকগঞ্জ/নারায়ণগঞ্জ/কিশোরগঞ্জ/টাঙ্গাইল/নেত্রকোনা/জামালপুর/মাদারীপুর/রাজবাড়ী/গোপালগঞ্জ/গৌরীপুর/ ভৈরব/ জয়পাড়া / শেরপুর /দেওয়ানগঞ্জ/ শরিয়তপুর/গাজীপুর/নংসিংদী/সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/ হবিগঞ্জ/ ছাতক/ কক্সবাজার/ বান্দরবন/ খাগড়াছড়ি/ বেগমগঞ্জ/বাঞ্ছারামপুর/ /চাঁদপুর/ব্রাক্ষণবাড়িয়া / লক্ষীপুর/ মাইজদী/ফেনী/বরিশাল/পটুয়াখালী/ সাতক্ষীরা/পিরোজপুর/ভোলা/বরগুনা/ ঝালকাঠি/বাগেরহাট/নড়াইল /মেহেরপুর/ চুয়াডাংগা/মাগুরা/ঝিনাইদহ/হোসেনাবাদ/যশোর/ কুষ্টিয়া/ পাবনা/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/সিরাজগঞ্জ /জয়পুরহাট/রংপুর/কুড়িগ্রাম/ গাইবান্ধা/ ঠাকুরগাঁও/লামমনিরহাট/ পার্বতীপুর/ দিনাজপুর/পঞ্চগড়/ নীলফামারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।
১২১-১২৩। অধ্যক্ষ, বাংলাদেশ ইনষ্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক্স/গ্রাফিক আর্টস ইনষ্টিটিউট/বাংলাদেশ সার্ভে ইনষ্টিটিউট, রামমালা, কুমিল্লা।

নং-৩৭.০৩.০০০০.০১০.১৮.০০৯.১৩ (ন-০০৯, পার্ট-০২)/১০২(১২) তারিখ : ০৮/০২/২০১৭ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্ম সচিব (প্রশাসন ও অর্থ), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপ-সচিব (কারিগরি-১/২), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সহকারী পরিচালক, শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭। ইকুইপমেন্ট অফিসার, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮। প্রকল্প কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ জানানো হলো)।
১০। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। সংশ্লিষ্ট নথি ।

০৮/০২/১৭
(মোঃ আককাছ আলী সেখ)
সহকারী পরিচালক-১
ফোন ঃ ০২-৮১৮১২২৯